আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা

আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সকাল সাড়ে ১০ টার দিকে জেহালা ফুটবল মাঠে এ কর্মি সভার আয়োজন করা হয়। কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার ছেলুন বলেন,আওয়ামীলীগের সরকার ক্ষমতায় আসলে উন্নয়ন হয়,আর বিএনপি,জামাত ক্ষমতায় আসলে সন্ত্রাস বাড়ে,তারা যদি আবারও ক্ষমতায় আসে তাহলে আজ ১৫ বছর ধরে আপনারা শান্তিতে ঘুমাচ্ছিলেন সেই ঘুম হারাম হয়ে যাবে,সন্তাস বাড়বে,চান্দা দিতে দিতে জান ক্ষারাপ হয়ে যাবে। শেখ হাসিনা বলেছিল প্রত্যেকটি গ্রামকে শহর করব,করেছে,যদি রাস্তাঘাটের উন্নয়ন এবং ইলেট্রিসিটি থাকে তাহলে তাকে কি শহর বলবেন না।আজকে জেহালা ইউনিয়নের এমন কোন রাস্তা নেই যে রাস্তায় কাজ হয়নি,মনে করে দেখেন তো আজ থেকে ১৫ বছর আগে ঐ গড়গড়ি থেকে অন্য কোন গ্রামে যেতে গেলে কি অবস্থা হতো,এখন সেই রাস্তাগুলো দেখেন,সব পিচকরন রাস্তা হয়ে গেছে,।

এক সময় এখানকার সব রাস্তায় কাঁচা ছিল আজ সবই পাকা হয়েছে।আমি তো বল্লাম আওয়ামী লীগ ক্ষমতায় আসলে মানুষের উন্নয়ন হয়, রাস্তা পাকা হয়।পাশে যে স্কুল দেখছেন স্কুলের বিল্ডিং করে দেওয়া হয়েছে,বালিকা বিদ্যালয়ে বিল্ডিং করে দেওয়া সহ ইউনিয়নের স্কুল গুলোতে বিল্ডিং হয়েছে। বিএনপি-জামায়াতের সময় সন্ত্রাস ছিল, আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর সন্ত্রাস দমন করা হয়েছে। মানুষ আজ সুখে শান্তিতে বসবাস করছে,রাতে শান্তিতে ঘুমাতে পারে। মনে রাখবেন তৃনমুলের নেতা কর্মিরাই দলের প্রান,তাই তৃনমুলের সকলকে ঐক্যবদ্ধ হতে,আপনাদের শক্ত হাতে হাল ধরতে হবে। সামনে ভোট, এখন অনেক নেতা আসবে ভোট চাবে,টাকা খরচ করবে,আপনারা চিন্তা করবেন না,অবৈধ পথে উপার্জন করা টাকা জনগনের মাঝে বিলাচ্ছে বিলাতে দেন,কারন ঐ টাকায় আপনাদের হক আছে।

আমরা আজ ৬০ বছর ধরে নেতা কর্মিদের পাশে আছি,তাই আজও অনেক গ্রামের নেতাকর্মিদের ঠিকমত নাম মুখস্ত করে রাখতে পারি নি,আর তুমি মিয়াতো বসন্তের কোকিল,দুদিন পর আর তেমাকে খুজে পাওয়া যাবেন। একটা গল্প মনে পড়ে গেল,একজন গরিব মানুষ ভোটের সময় ঐরকম বসন্তের কোকিলের বাড়ি গিয়েছে,পানি খাতি চায়েছে,তো তারা একটা বোতল নিয়ে মুখ খোলার পর ফস করে উঠেছে,ঐলোকতো একটু চমকিয়ে গেছে,যাহোক ঠান্ডা পানি খেয়ে সে চলে গিয়েছে,ভোটের পর একদিন আবার ঐলোক তার বাড়ী গিয়েছে,পানি খাতি চাইলে ওরা কলের পানি নিয়ে আসে দিয়েছে,লোকটা বলছে হাগো বাবারা এবার তো ফস করলো না,তো ওরা বলছে সবসময়কি ফসকরে বাবা। তে এরা হটাৎকরে আসে ফস করাবে, যতপারেন ফস করান,কারন ভোটের পর ওদের আর খুজে পাবেন না,আমি সেলুন আজিবন আপনাদের পাশে ছিলাম ভবিস্যতেও থাকব।

আপনারা যারা দলের কর্মি আছেন আপনারা সাধারণ মানুষের কাছে গিয়ে ভোট চান। ভোট চাওয়ার মত অনেক অর্জন রয়েছে আমাদের। যারা বঙ্গবন্ধুকে হত্যা করেছিল তারা আবারও ষড়যন্ত্র করছে। বঙ্গবন্ধুর অপরাধ তিনি সোনার বাংলা গড়তে চেয়েছিলেন,তাই বঙ্গবন্ধুকে ঘাতকরা হত্যা করে,যারা মুক্তিযুদ্ধ চাই নি তারা স্বড়যন্ত্র করে বঙ্গবন্ধুকে হত্যা করেছিল,সেদিন মানবাধিকার কোথায় ছিল। আজকে মানবাধিকারের কথা বলেন। আমেরিকা আমাদের উপর ভিসা নিতি করে ভিসা বন্ধ করতে চাই,বঙ্গবন্ধু কন্যা আমেরিকায় বসে বলেছেন,তোমরা আমাদের উপর ভিসা নিতি প্রয়োগ করে ভিসা বন্ধ করলে তোমাদেরও বাংলাদেশে আসা বন্ধ করে দেব।এর নাম বঙ্গবন্ধু কন্যা বিশ্বনেন্ত্রী শেখ হাসিনা। আমেরিকা আপনারা বড় দেশ, আপনাদের মত থাকেন, আমাদের উপর লাঠি ঘোরানোর চেষ্টা করেন না। এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,তৃণমূলের নেতা কর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। ৭১ সালে আমরা তরুনরা যেভাবে যুদ্ধে ঝাপিয়ে পড়েছিলাম, আজকে ছাত্রলীগ যুবলীগকে প্রস্তুত থাকতে হবে। যে কোন ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাসানুজ্জামান হান্নানের সভাপতিত্বে কর্মি সভায় বিশেষ অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি খুস্তার জামিল, জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, শওকত মিয়া, জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু,চুয়াডাঙ্গা সদর পৌর আওয়ামীলীগের,সম্পাদক,

আব্দুল কাদের, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,হামিদুল ইসলাম, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,উপজেলা ভাইচ চেয়ারম্যান সালমুন আহমেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সাবেক সাংগঠনিক সম্পাদক আলম হোসেন,আতিয়ার রহমান, মাসুদ রানা তুহিন, জেলা পরিষদের সদস্য মাসুম,মজনুর রহমান,ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা উম্বাদ আলী,রেফাউল ইসলাম।

ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হান্নান মাষ্টারের উপস্থাপনায় আরোও উপস্থিত ছিলেন নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, নাগদাহ ইউনিয়নের নজরুল ইসলাম সোনা জোযার্দার, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, বীর মুক্নুতিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, ছাত্রলীগ নেতা গোলাম ছরোয়ার শামিম, বাদসা,রকি প্রমুখ।

আলমডাঙ্গা আওয়ামীলীগের কর্মি সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামায়াতের নির্বাচন বানচালের অপচেষ্টা রুখে দিতে ও মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন মূলক কাজগুলো গণ মানুষের মাঝে তুল ধরতে আওয়ামীলীগ, যুবলীগ,ছাত্রলীগ, কৃষকলীগ ও সহযোগি সংগঠনের আয়োজনে আলমডাঙ্গায় কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার বেলা সাড়ে ১১ টায় আলমডাঙ্গা টকিজ সিনেমা হলে এ কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়।

কর্মি সমাবেশে প্রধান অতিথির হিসিবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ কমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালা।

প্রথান অতিথির বক্তব্যো দিলীপ কুমার আগরওয়ালা বলেন,আমরা জননেত্রী শেখ হাসিনার নৌকাকে আবারও বিজয়ী করতে কাজ করে যাচ্ছি।মাননীয় প্রধানমন্ত্রী দেশে যে উন্নয়ন করেছেন তা জনগণের মাঝে তুলে ধরতে আমরা মানুষের কাছে যাচ্ছি নৌকা যার আমরা সবাই তার, শেখ হাসিনার সরকার বার বার দরকার। মাননীয় প্রধানমন্ত্রী

দেশে যে উন্নয়ন করেছে,আমরা তা জনগণের মাঝে তুলে ধরতে মানুষের কাছে যাচ্ছি। যারা ভোট কেন্দ্রে যায় না,আগামী নির্বাচনে তাদের ভোট কেন্দ্রে যাবার জন্য উদ্বুদ্ধ করছি। ভোট আমাদের গণতান্ত্রিক অধিকার,সেজন্য ভোট দিতে যাবো। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন জনগণ যদি আমাদের ভোট দেয় তাহলে আমরা ক্ষমতায় যাবো।

তিনি বলেন,আসন্ন নির্বাচন বানচাল করতে বিএনপি-জামায়াত ষড়যন্ত্র করছে। নির্বাচন বানচালের চক্রান্ত করবে,তাদের সেই চক্রান্ত আমাদের রুখ দাঁড়াতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর এই কথাগুলোই আমরা বলছি।
নৌকা মঞ্চের আহবায়ক জেলা আওয়ামীলীগের সাবেক তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক কাউসার আহমেদ বাবলুর সভাপতিত্বে এ সমাবেশে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক অগ্নিসেনা মঈনদ্দীন পারভেজ,পদ্মবিলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস, মোমিনপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার,কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শাখাওয়াত হোসেন টাইগার,খাদিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, গাংনি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রাকিবুল হাসান ।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক চিৎলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জিল্লুর রহমানের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি আবু তালেব,আওয়ামীলীগ নেতা দেবেন্দ্র নাথ দোবে বাবুলাল, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহাবুবুর রহমান, জেলা যুবলীগের সদস্য তপন কুমার বিশ্বাস, আলমডাঙ্গা উপজেলা যুবলীগেরর যুগ্ম আহবায়ক একেএম রাসেল পারভেজ রাজু, বেলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি রেজাউল হক, সাইদ মেম্বার প্রমুখ।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পথসভা

মেহেরপুরে সংসদ নির্বাচনকে সামনে রেখে ফতেপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পথসভা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

আজ শনিবার বিকেলে মেহেরপুর বুড়িপোতা ইউনিয়নের ১নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে এই পথসভা এবং আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহিন, মেহেরপুর সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বুড়িপোতা ইউনিয় পরিষদের চেয়ারম্যান মোঃ শাহজামান, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, মেহেরপুর জেলার ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মোঃ মিলন আহমেদ সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার নাগদাহ ইউপি আ’লীগের কর্মি সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে নাগদাহ মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মি সভা অনুষ্ঠিত হয়।

কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি

ছেলুন জোয়ার্দ্দার বলেন,আওয়ামী লীগের শক্তিহলো, তৃণমূলের নেতাকর্মি। যে দলের কর্মি নেই সে দল কোন রাজনৈতিক দল নয়। আজকে আপনারাই হলো আওয়ামীলীগের মূল শক্তি। আপনারা আছেন বলেই আওয়ামীলীগ আছে। নিজেদের মধ্যে কোন বিভেদ রাখা যাবেনা। আজকে নতুন করে ৭১ পরাজিত শত্রু বিএনপি-জামায়াত ষড়যন্ত্র করছে। তারা আন্দোলনে ব্যর্থ হয়ে বিদেশীদের কাছে ধর্ণা দিচ্ছে। এদেশে কারা ক্ষমতায় যাবে তা নির্ধারণ করবে এদেশের জনগণ। কোন বিদেশী শক্তি আপনাদের ক্ষমতায় বসিয়ে দেবে না ।

এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,দেশ স্বাধীনের পর বঙ্গবন্ধু যুদ্ধ বিধ্বস্ত একটি দেশের যখন পূণর্গঠনের কাজ শুরু করলেন তখন পরাজিত শত্রুরা বঙ্গবঙ্গুকে সপরাবারে হত্যা করলো। সেদিন জিয়াউর রহমান সংসদে ইনডেমিনিটি বিল পাশ করে হত্যার বিচার বন্ধ করেছিল। সেদিন কিন্তু মানবাধিকারের কথা বলে নাই।আজকে মানবাধিকার মানবাধিকারের কথা বলছে।

আজকে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার ন্বপ্ন তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাস্তবায়নে কাজ করে যাচ্ছন।
উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকাকে বিজয়ী করতে হবে।

নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের (ভারপ্রাপ্ত) সভাপতি মো. মুনসুর আলী মোল্লার সভাপতিত্বে কর্মী সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমঙ্গীর হান্নান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সাধারণ সম্পাদক ইয়াকুব আলী , জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য নজরুল ইসলাম, সোনা মিয়া,জেলা আওয়ামীলীগ নেতা আরেফিন মিয়া রঞ্জু, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার সাবেক প্রচার সম্পাদক শওকত আলী, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আ: রশিদ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশিক ইকবাল স্বপন, এ্যাড. মকলেছুর রহমান।

কর্মী সভাটি সঞ্চালনা করেন নাগদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান হায়াত।

এদিকে নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সভাকে ঘিরে সর্বত্র সাজ সাজ রব পড়ে যায়। দীর্ঘ রাজনৈতিক বিরোধের মাঝে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত এ সভায় ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড এবং গ্রাম থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে নেতাকর্মীরা উপস্থিত হন। বিকাল ৩টায় কর্মী সভা শুরু হওয়ার আগেই কয়েক হাজার নেতাকর্মী সমাবেশস্থলে জড়ো হন। একপর্যায়ে কর্মী সভা বিশাল জনসমাবেশে পরিণত হয়।

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত

গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

ত্রিবার্ষিক কাউন্সিলে রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্বাচিত হন নুর ইসলাম ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন সাগর আহম্মেদ।

শনিবার বিকালে গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এই ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের গাংনী উপজেলা শাখার আহবায়ক তোহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রিবার্ষিক কাউন্সিলে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

সম্মেলনের উদ্বোধক ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলামক বকুল। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, রাইপুর ইউনিয়ন

আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গল, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মকলেছ, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবর, গাংনী পৌর স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক রুবেল হোসেন, সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু প্রমুখ।

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে তিনটার শংকরচন্দ্র ইউনিয়ন ও বিকাল পাঁচটার সময় আলমডাঙ্গা উপজেলার বারাদি ইউনিয়নে উঠান বৈঠক ও নৌকার পক্ষে গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করেন এবং তিনি বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদ তালেবানদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এ নির্বাচনে।

এ সময় তিনি আরও বলেন, যদি মাটি ও পতাকাকে ভালোবাসেন তাহলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ

সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

দর্শনায় পৌর আওয়ামীলীগের কর্মী সভায় এমপি টগর

দর্শনা পৌর আওয়ামীলীগের ৯টি ওয়ার্ডের সমন্বয়ে এক কর্মীসভা অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৮ টার দিকে দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে কর্মী সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, আওয়ামীলীগ সরকারের আমলে দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়ন কার্যক্রম চলছে দৃর্বার গতিতে।শেখ হাসিনার সাফল্য ও উন্নয়ন মানুষের সামনে তুলে ধরে নৌকায় ভোট চাইতে হবে।দলের বৃহত্তর স্বার্থে আমাদের মধ্যে ক্ষোভ অভিমান ভুলে যেতে হবে।শেখ হাসিনার সরকারকে আবারও ক্ষমতায় বসাতে কাধে কাধ মিলিয়ে কাজ করতে হবে নৌকার পক্ষে।নৌকা মার্কা বিজয়ী হলে দেশ ও জাতি উপকৃত হবে। জাতির জনকের সোনার বাংলাদেশ গড়তে এ সরকার কাজ নিরলস ভাবে।

দর্শনা পৌর আওয়ামীলীগের সহ সভাপতি শফিকুল আলমের সভাপতিত্বে ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবুর উপস্থাপনায়, বিশেষ অতিথীর বক্তব্য দেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফ,সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, দামুড়হুদা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, আলীগ নেতা আঃ জলিল, মোজাহারুল ইসলাম, আব্দুর রফিক কাবি, হাবিবুর

রহমান হবি, কামাল উদ্দিন আহম্মেদ সান্টু, মুকুল মিয়াজী, সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর, দাউদ হোসেন, নেফাউর রহমান মন্টু, আব্দুল হাকিম, হুমায়ন কবির, ছাত্রলীগ নেতা নাহিদ পারভেজ প্রমুখ। এ কর্মী সভায় ৯ টি ওয়ার্ডের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় আফরোজা পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের সাহেবনগরে এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজ পারভিন এর নেতৃত্ব এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য হিসেবে নৌকায় মনোনয়ন প্রত্যাশি চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন এর নেতৃত্ব এই উঠান বৈঠক ও গণসংযোগ করা হয়। এ সময় তিনি উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য আবারো নৌকা মার্কায় ভোট চান এবং তিনি নৌকার মনোনয়ন পেলে চুয়াডাঙ্গা জেলা বাসীর উন্নয়নের জন্য কাজ করবেন ও শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার জন্যও কাজ করবেন বলে জানান তিনি।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী সহ

চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

মেহেরপুরে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের জন্মবার্ষিকী উদযাপন

মেহেরপুরে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ৭৯ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ বৃহস্পতিবার বিকেলে প্রফেসর আব্দুল মান্নানের রাজনৈতিক কার্যালয়ে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ.খ.ম ইমতিয়াজ জুয়েল, সাবেক যুবলীগ নেতা হুমায়ূন কবির বাবু, সাবেক ছাত্রনেতা খালেদুজ্জামান খাঁন ডালিম, শহর আওয়ামীলীগের সহ-সভাপতি ইয়ারুল ইসলাম, শহর আওয়ামীলীগের সদস্য মিরাজুল ইসলাম, থানা শ্রমিকলীগ সভাপতি সাজেদুর রহমান সাজু, সাবেক যুবলীগ নেতা সাইদুর রহমান,ওয়ার্ড যুবলীগের সম্পাদক সুজা উদ্দিন খোকন, হরিরামপুর যুব উন্নয়ন সমিতির সভাপতি সেলিম রেজা, সাধারণ সম্পাদক নয়ন আহামেদ , রবিউল ইসলাম, আনোয়ার হোসেন রাজু, শেখ কায়সার হামিদ বুলবুল, রাকিবুল ইসলাম, ইকবাল হোসেন, বকুল আহামেদ, সাবেক যুবলীগ নেতা রকিবুল ইসলাম বাবু ,আব্বাস উদ্দিন, মিনহাজুল ইসলাম, জিয়াউর রহমান সহ সমর্থক, শুভাকাঙ্ক্ষী বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২১ সেপ্টেম্বর) বিকালে মেহেরপুর ৮ নম্বর ওয়ার্ডে গনসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

প্রধানমন্ত্রীর অর্জিত নব উদ্দিপনার স্মার্ট বাংলাদেশ শীর্ষক পথসভায় বক্তব্য রাখেন, দুই নাম্বার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন,আওয়ামী লীগ নেতা আব্দুর রেজা,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শোভন সরকার, সাবেক যুবলীগ সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলমসহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতারা। গণসংযোগ কালে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে নৌকার পক্ষে কাজ করার আহবান জানান।